# মাইলস্টোন দূর্ঘটনায় আহতদের খোঁজ নিতে বার্ণ ইনস্টিটিউটে ব্রিটিশ হাইকমিশনার



সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ এলাকায় বিমান বাহিনীর যুদ্ধবিমান দুর্ঘটনায় আহতদের দেখতে সোমবার দুপুরে বার্ণ ইনস্টিটিউটে আসেন ব্রিটিশ হাইকমিশনারসহ নয় সদস্যের প্রতিনিধি দল। হাসপাতালের কর্তৃপক্ষের সঙ্গে তারা বৈঠকও করেন।

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের কাছে বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় আহতদের দেখতে রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ণ ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আসেন ব্রিটিশ হাইকমিশনারসহ নয় সদস্যের একটি প্রতিনিধি দল।

সোমবার (১৮ আগস্ট) দুপুর আড়াইটার দিকে তারা হাসপাতালে পৌঁছান। ইনস্টিটিউটের আবাসিক সার্জন ডা. শাওন বিন রহমান জানান, আহতদের চিকিৎসা ব্যবস্থা সরেজমিনে দেখতে আসা এই প্রতিনিধি দলের সঙ্গে বর্তমানে হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালকের বৈঠক চলছে।

এর আগে গত সপ্তাহেও আহতদের চিকিৎসায় সহায়তা করতে একটি ব্রিটিশ মেডিকেল টিম বার্ণ ইনস্টিটিউটে কাজ করেছে বলে তিনি জানান

LENS ASIA